

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৪২/২০১৬

অভিযোগকারী : জনাব আলাউদ্দিন আল মাছুম
পিতা-মরহুম মোঃ ইয়াকুব আলী
৬২৪/২ ইব্রাহীমপুর
থানা-কাফরুল, ঢাকা।

প্রতিপক্ষ : আয়েশা হক
সহকারী কমিশনার
ও
বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
জেলা প্রশাসকের কার্যালয়
ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১০-০৫-২০১৬ ইং)

অভিযোগকারী ০১-১২-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব দিল্লী ময়ী জামান, নির্বাহী ম্যাজিস্ট্রেট ও তৎকালীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

ঢাকা জেলা প্রশাসকের ১৩/২০১০-১১ এল এ কেইস সংক্রান্তে ভাটারা মৌজার আর এস ১৬১৮ নং খতিয়ান ভুক্ত ৬৬০০ (অংশ) নং দাগ সংক্রান্তে মোছা: আলিয়া বেগম স্বামী: মৃত আ: ছালাম ক্ষতি পূরণ চাহিয়া এল, এ শাখায় কবে কত তারিখে আবেদন দাখিল করেন তার তথ্য সহ তাহার দাখিলী আবেদনের সত্যায়িতসহ সংযুক্ত পত্রাদির ফটোকপি (সংযুক্ত পত্রাদির মধ্যে কোন মূল কপি থাকলে উক্ত মূল কপির সত্যায়িত ফটোকপি)।

১. আবেদনের প্রেক্ষিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ২১-১২-২০১৫ তারিখে অভিযোগকারীকে ০৫.৪১.২৬০০.০১৯.১৬.০০১. ১৫-১৪১ (সং) নং স্মারকে জবাব প্রদান করেন। প্রদত্ত তথ্য মিথ্যা এবং জবাবে আইনের অপব্যাখ্যা করা হয়েছে উল্লেখ করে অভিযোগকারী ০৭-০১-২০১৬ তারিখে জনাব মো: জিল্লার রহমান, বিভাগীয় কমিশনার ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), বিভাগীয় কমিশনারের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ১১-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।
২. ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৮-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।
৩. শুনানীতে অভিযোগকারী সময়ের আবেদন করে গরহাজির। কিন্তু প্রতিপক্ষ হাজির। অভিযোগকারীর সময়ের আবেদন মঞ্জুর করে ২০-০৪-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি পুনরায় সমন জারী করা হয়।
৪. শুনানীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময়ের আবেদন করে গরহাজির এবং অভিযোগকারীও গরহাজির। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সময়ের আবেদন মঞ্জুর করে ১০-০৫-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতি সমন জারী করা হয়।

৫. শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী এবং প্রতিপক্ষ উভয়েই হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন।

২। প্রতিপক্ষ আয়েশা হক, সহকারী কমিশনার ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য প্রাপ্তির আবেদন পাবার পর স্মারক নং -০৫.৪১.২৬০০.০১৯.১৬.০০১.১৫-১৪১(সং) তারিখঃ ২১-১২-২০১৫ এর মাধ্যমে চাহিত তথ্য সরবরাহের অপারগতা জানিয়ে অভিযোগকারীকে পত্র মারফত জানানো হয়। তিনি আরো বলেন যে, অত্র অভিযোগে তৃতীয় পক্ষের সংশ্লিষ্টতা থাকায় এবং মহামান্য হাইকোর্টে ৮২৮৯ নং রীট মামলা বিচারাধীন থাকায় অভিযোগকারীকে তার চাহিত তথ্য প্রদান করা সম্ভব নয়। তিনি এই অভিযোগ থেকে অব্যাহতি চেয়ে কমিশনের নিকট প্রার্থনা করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক অভিযোগকারীকে স্মারক নং -০৫.৪১.২৬০০.০১৯.১৬.০০১.১৫-১৪১(সং) তারিখঃ ২১-১২-২০১৫ এর মাধ্যমে তথ্য সরবরাহের অপারগতা জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। অন্যদিকে চাহিত তথ্যের সাথে ওয় পক্ষের স্বার্থ জড়িত থাকায় এবং মহামান্য হাইকোর্টে রীট মামলা নং ৮২৮৯ বিচারাধীন থাকায় তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে উল্লিখিত চাহিত তথ্য প্রদান করা বাধ্যতামূলক নয় বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়। তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদর্শিত তথ্য অধিকার আইনের ৭ (জ) উপধারা অনুযায়ী চাহিত তথ্য ব্যক্তিগত জীবনের গোপনীয়তা বিষয়ক কোন তথ্য নয়।

সিদ্ধান্ত।

উল্লিখিত পর্যালোচনা অনুযায়ী অভিযোগকারীর প্রার্থিত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৭ (ছ) উপধারা অনুযায়ী সরবরাহ করা বাধ্যতামূলক নয় মর্মে কমিশনের নিকট প্রতীয়মান হওয়ায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক তথ্য সরবরাহ না করার সিদ্ধান্ত যথাযথ বিবেচনায় অভিযোগটি খারিজ করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার